# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

## কামরাঙ্গীরচর শাখা ।

## এলহাম স্কয়ার, রনি মার্কেট রোড, আশ্রাফাবাদ, কামরাঙ্গীরচর, ঢাকা-১২১১।

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **মেসার্স জে. রায়হান টয় সেন্টার** নামীয় ব্যবসায় প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী **জহির রায়হান (জহির)**, পিতা : মৃত মোঃ জলিল, মাতা: মোসাঃ আরজু বেগম, **ব্যবসায়িক ঠিকানা:** কুমিলস্না সুপার মার্কেট, পূর্ব রসুলপুর মেইন রোড, আশ্রাফাবাদ, কামরাঙ্গীরচর, ঢাকা-১২১১, **বর্তমান ও স্থায়ী ঠিকানা:** বাড়ী - জহিরের বাড়ি, রোড ০৪, জান্নাতবাগ, আশ্রাফাবাদ, কামরাঙ্গীরচর, ঢাকা-১২১১, কর্তৃক **ইউসিবি, কামরাঙ্গীরচর শাখা** হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ৰমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১৬.০৯.২০১৭ইং তারিখ পর্যন্ৰ ব্যাংকের পাওনা **মোট ২,৪০,৬৩,১৪৭.৭৯** (দুই কোটি চল্লিশ লক্ষ তেষট্টি হাজার একশত সাতচল্লিশ টাকা এবং ঊনাশি পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উলেস্নখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

**১.** জেলা- ঢাকা, থানা- কামরাঙ্গীরচর, সাব রেজিষ্ট্রি অফিস-সদর, **মৌজা- চর কামরাঙ্গী**, তৌজি নং ১৫৫৬৪ জেএল নং সি এস ৩৪৯, এস এ-৭০, আর এস এবং সিটি জরিপ- ৩, সি.এস খতিয়ান নং-১০১, এস. এ খতিয়ান নং-১২৫, আর. এস খতিয়ান নং-২৭৬, ঢাকা সিটি জরিপ খতিয়ান নং- ৫৪১৯, সিটি জরিপ মিউটেশন খতিয়ান নং- ১০৬০৪; জোত নং ১১৫/৬০; সি এস ও এস এ দাগ নং-৬৫৭, আর এস- দাগ নং ২২৭৪, ঢাকা সিটি জরিপ দাগ নং ৭৯৫৯; জমির পরিমান ২.৪৭৫ শতাংশ/১.৫ কাঠা ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদী যাহার চৌহদ্দী ঃ উত্তরে- আবুল হোসাইন, দক্ষিণে- আয়নাল হক, পূর্বে- মোঃ বরকত মিয়া, এবং পশ্চিমে- রাস্ৰা।

**২.** জেলা- ঢাকা, থানা- সাবেক: লালবাগ, হালেঃ কামরাঙ্গীরচর, সাব রেজিষ্ট্রি অফিস- সদর, **মৌজা- চর কামরাঙ্গী**, তৌজি নং ১৫৫৬৪ জেএল নং সি এস ৩৪৯, এস এ-৭০, আর এস এবং সিটি জরিপ- ৩, সি.এস খতিয়ান নং-১৫০, এস. এ খতিয়ান নং-১৭৬, আর. এস খতিয়ান নং- ৩০১, ঢাকা সিটি জরিপ খতিয়ান নং- ৬০৫০, সিটি জরিপ মিউটেশন খতিয়ান নং- ৮৭৪৫; জোত নং ১৬৮/৫০; সি এস ও এস এ দাগ নং-৫৪৫, আর এস- দাগ নং ২২৮১, ঢাকা সিটি জরিপ দাগ নং ৭৬৬৬; জমির পরিমান ০.৯৬ শতাংশ/০.৫৮ কাঠা ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদী যাহার চৌহদ্দী ঃ উত্তরে- অত্র দাগের জমি, দক্ষিণে- দলিল দাতা নিজ, পূর্বে- রাস্ৰা, এবং পশ্চিমে- মোঃ লোকমান হোসেন গং।

**৩.** জেলা- ঢাকা, থানা- সাবেক: লালবাগ, হালেঃ কামরাঙ্গীরচর, সাব রেজিষ্ট্রি অফিস- সদর, **মৌজা- চর কামরাঙ্গী**, তৌজি নং ১৫৫৬৪ জেএল নং সি এস ৩৪৯, এস এ-৭০, আর এস এবং সিটি জরিপ- ৩, সি.এস খতিয়ান নং-১০১, এস. এ খতিয়ান নং-১২৫, আর. এস খতিয়ান নং- ২৭৬, ঢাকা সিটি জরিপ খতিয়ান নং- ১১৪, ২৯৯০, ১৬৮২, সিটি জরিপ মিউটেশন খতিয়ান নং-১১৯৪১; জোত নং ১৬৭/৬৭; সি এস ও এস এ দাগ নং-৬৫৭, আর এস- দাগ নং ২২৭৪, ঢাকা সিটি জরিপ দাগ নং ৭৯৪৮, ৭৯৪৯, ৭৯৬০; জমির পরিমান ২.৪৭৫ শতাংশ/১.৫ কাঠা ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদী যাহার চৌহদ্দী ঃ উত্তরে- ছামিউলস্নাহ, দক্ষিণে- নিজ গ্রহীতা, পূর্বে- আলম ও সুমন, এবং পশ্চিমে- বি. ডি. আর. সাইফুল ইসলাম।

---

### নিলামের শর্তাবলী

(১) আগামী ১০.১০.২০১৭ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কামরাঙ্গীরচর শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কামরাঙ্গীরচর শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপৰ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে

পারিবেন।

(৪) দরদাতাগন তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিকের জন্য দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

(৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

(৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কামরাঙ্গীরচর শাখা।**